**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 29.07.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-50PM** **Edit. & Compile: Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পরীক্ষায় দুর্নীতি ও কারচুপি রোধে লোকসভায় আজ ‘পাবলিক এক্সজামিনেশনস্ প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স সংশোধনী বিল’ পাশ হয়েছে।

২/ বীরভূমের মহম্মদবাজারের দেওচায় পাথর ব্যবসায়ী মিনার মন্ডলের বাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ বিপুল পরিমাণ টাকা ও ১৫ কেজি সোনা উদ্ধার করেছে। #বেসরকারি সূত্রে উদ্ধার হওয়া টাকার পরিমাণ ২০ কোটি বলে জানা গেছে।

৩/ রাজ্যে নতুন জাতীয় শিক্ষা নীতি-NEP-র বাস্তবায়ন হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। #সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে ‘মিড ডে মিল’-এর খাদ্য তালিকায় ডিম থাকছে।

৪/ পাহাড়ের সমস্যা নিরসনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ গোর্খা জনমুক্তি মোর্চার সভাপতি বিমল গুরুং এবং সাধারণ সম্পাদক রোশন গিরির সঙ্গে বৈঠক করেছেন।

৫/ মোহনবাগান দিবস উপলক্ষ্যে দলের মাঠে দুদিনের অনুষ্ঠানের আজ সূচনা হয়েছে।

৬/ পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৩৬-তম প্রয়াণ দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে।

************************************************************************************

পরীক্ষায় দুর্নীতি ও কারচুপি রোধে লোকসভায় আজ ‘পাবলিক এক্সজামিনেশনস্ প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স সংশোধনী বিল’ পাশ হয়েছে। ২০২৪-এর এসংক্রান্ত আইনের সংশোধনীর সংস্থান রয়েছে এই বিলে। দোষীদের ১০ বছরের কারাদন্ড, ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করার প্রস্তাব রাখা হয়েছে এতে। মামলার তদন্ত দ্রুত শেষ করার লক্ষ্যে প্রত্যেক রাজ্য সরকার এবং কেন্দ্র- শাসিত অঞ্চলের প্রশাসনকে প্রশ্নফাঁস সংক্রান্ত মামলার প্রাত্যহিক শুনানির জন্য বশেষ ফাস্ট ট্র্যাক আদালত স্থাপনের ক্ষমতা দেওয়া হয়েছে। থানায় অভিযোগ দায়ের হওয়ার দিন থেকে পরবর্তী দুমাসের মধ্যে তদন্ত শেষ করতে হবে। চার্জশিট জমা পরার তিন মাসের মধ্যে যাতে বিচার প্রক্রিয়া সম্পন্ন করা যায়, এই বিলে তাও সুনিশ্চিত করার বিধান রয়েছে।

বিল নিয়ে আলোচনার জবাবী ভাষণে কর্মীবর্গ, জন অভিযোগ ও পেনশন দফতরের মন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং বলেন, সংশ্লিষ্ট আইনকে আরও কঠোর করা এবং দ্রুত ন্যায় বিচার সুনিশ্চিত করার লক্ষে এই সংশোধনী বিল আনা হয়েছে। নতুন এই বিল ছাত্র-ছাত্রী ও যুব সমাজের কল্যাণ সুনিশ্চিত করার জন্য সরকারের অঙ্গীকারের প্রতিফলন।

( বাইট- জিতেন্দ্র সিং )

তিনি আরো বলেন, এর আগেও বিভিন্ন রাজ্যে বিভিন্ন সরকারের আমলে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে। তারপরেও ছাত্রদের কথা না ভেবে বিরোধীরা এই নিয়ে রাজনীতি করছে।

এর আগে আলোচনায় অংশ নিয়ে লোকসভায় বিরোধী দলনেতা, কংগ্রেসের রাহুল গান্ধী বলেন, বর্তমানে দেশের শিক্ষার খরচ অনেকটাই বেড়ে গেছে। নীট–ইউজি পরীক্ষায় যে পরিমাণে টাকা খরচ করা হয়, তা শিক্ষাখাতে বাজেট বরাদ্দের তুলনায় অনেকটাই বেশী। ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ হিংসাত্মক বা বিদ্বেষমূলক ছিল না। তা’ ছিল তাদের গভীর অনুভূতির প্রতিফলন। সমস্ত রাজনৈতিক দলের উচিত তাদের সেই অনুভূতিকে সম্মান দেওয়া।

*************************

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, প্রধানমন্ত্রী ছাত্র সমাজঅকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা' পূরণ হলো।

এই বিল পাশ হওয়ায়, ছাত্র আন্দোলনে ঢুকে যারা তাঁদের বিভ্রান্ত করতে চেয়েছিল, তাদের কাছেও একটা বার্তা গেছে।

( বাইট- শমীক/ ছাত্রদের জন্য )

*************************

ধর্মতলায় নীট-এর প্রশ্ন ফাঁস কান্ডের প্রতিবাদ মিছিল থেকে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট।

আক্রান্ত এক সাংবাদিকের দায়ের করা মামলার প্রেক্ষিতে বিচারপতি কৃষ্ণা রাও আজ জানিয়েছে, এই ঘটনায় রাজ্য কি পদক্ষেপ করেছে সে বিষয়ে আগামী ২৫শে অগাস্ট রিপোর্ট জমা দিতে হবে। একইসঙ্গে এই ধরনের ভিড় নিয়ন্ত্রণ ও মিটিং মিছিলে দুষ্কর্ম রোধে 'গাইড লাইন বা SOP তৈরি করার বিষয়ে মুখ্যসচিবের কাছে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে আদালত।

উল্লেখ্য, প্রশ্ন ফাঁস-এর প্রতিবাদে গত শুক্রবার কলকাতায় মিছিল চলাকালীন একদল ব্যক্তি সাংবাদিকদের ওপর চড়াও হয়ে তাঁদের মারধোর করে বলে অভিযোগ।

এদিকে দেশের বিভিন্ন রাজ্যে যেসব শিক্ষার্থী বিক্ষোভ মিছিলে অংশ নিয়েছিলেন, তাঁদের বিরুদ্ধে কোন দমনমূলক ব্যাবস্থা নেওয়া যাবে না বলে, গতকালই নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট।

*************************

বীরভূমের মহম্মদবাজারের দেউচায় পাথর ব্যবসায়ী মিনার মন্ডলের বাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ বিপুল পরিমাণ টাকা এবং ১৫ কেজি সোনা উদ্ধার করেছে। বেসরকারি সূত্রে উদ্ধার হওয়া টাকার পরিমান প্রায় ২০ কোটি।

পাথর ব্যবসায়ী টুলুর মন্ডলের আত্মীয় মিনার মণ্ডলের বাড়িতে গতরাত থেকে এখনও পর্যন্ত পুলিশ তল্লাশি চালাচ্ছে। নিয়ে যাওয়া হয়েছে পাঁচটি নোট গোনার যন্ত্র এবং পাঁচটি বড় ট্রাঙ্ক। পুলিশ সূত্রে জানা গেছে, দেওয়ালে থরে থরে টাকার বান্ডিল সাজানো ছিল।

শুধু বাড়ির মধ্যে থাকা আলমারিতেই নয় বেশ কয়েকটি গোপন কুঠুরি এবং গোপন জায়গা থেকেও উদ্ধার হয়েছে টাকা।

*************************

রাজ্যে নতুন জাতীয় শিক্ষা নীতি-NEP-র বাস্তবায়ন হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। নবান্ন থেকে আজ ভার্চুয়ালি সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়কে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে তিনি বলেন, NEP-র সঙ্গে সামঞ্জস্য রেখে অভিভাববকদের প্রতিনিধি নিয়ে বিদ্যালয় পরিচালন কমিটি তৈরী করা হবে।

( বাইট- শুভেন্দু/ শিক্ষানীতি )

তিনি আরো বলেন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি ছাত্র ছাত্রীদের আগ্রহ বাড়াতে রাজ্য সরকার একাধিক উদ্যোগ নিচ্ছে। শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে এবং শিক্ষাঙ্গনকে রাজনৈতিক প্রভাব মুক্ত করতে কেন্দ্র ও রাজ্য সরকার একযোগে কাজ করছে। এক হাজার ২০০ স্কুলকে ডিজিটাল শিক্ষা সহায়িকার আওতায় আনা হয়েছে। পূর্বতন সরকারের আমলে শিক্ষা ক্ষেত্রে একাধিক দুর্নীতি হয়েছে বলে অভিযোগ করেন তিনি। চলতি অর্থ বছরে ধাপে ধাপে ৫০ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ করা হবে বলে তিনি জানান। রাজ্যের স্কুলগুলির বর্তমান সার্বিক অবস্থা নিয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তর সমীক্ষার কাজ শুরু করেছে। 'পাইলট প্রকল্প' হিসাবে রাজ্যের সব স্কুলে সোলার প্যানেল বসানোর পরিকল্পনা হয়েছে। তপশিলী জাতি উপজাতি ছাত্র ছাত্রীদের জন্যে ৯টি একলব্য স্কুল তৈরি করা হবে। আজ রাজ্যের ৮০ হাজার ৩৭৫টি স্কুলে অনুদান হিসেবে ২৯৬ কোটি ৬৪ লক্ষ টাকা দেওয়া হল। এরমধ্যে কেন্দ্র সরকার ৬০ শতাংশ এবং বাকিটা রাজ্য সরকার দিচ্ছে বলে স্কুল শিক্ষা মন্ত্রী দীপক বর্মন জানান। তিনি বলেন, টাকার সঠিক ব্যবহার না হওয়া এবং দুর্নীতির অভিযোগে গত তিন বছর এই অনুদান, বন্ধ ছিল।

*************************

সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে 'মিড ডে মিল'-এর খাদ্য তালিকায় ডিম থাকছে বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আপাতত স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে সপ্তাহে এক দুদিন ডিম দেওয়ার ব্যবস্থা হচ্ছে। যদিও সার্বিকভাবে মিড ডে মিল দেওয়ার দায়িত্ব থাকছে ইস্কনের ওপরেই। পাইলট প্রকল্পে হিসাবে কলকাতার একটি আগামী

শনিবার পয়লা আগস্ট থেকে ইস্কন মিড ডে মিল দেবে। মুখ্যমন্ত্রী এই প্রকল্পের সূচনা করবেন। পরে ধাপে ধাপে রাজ্যের অন্যান্য জেলাতেও এই ব্যবস্থা শুরু হবে।

( বাইট- মুখ্যমন্ত্রী/ ডিম )

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, প্রতিটি স্কুলে বাকি থাকা কম্পোজিট গ্রান্ট-এর অর্থ মিটিয়ে দেওয়ার মুখ্যমন্ত্রীর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। পাশাপাশি মিড ডে মিলে 'ডিম' থাকার ঘোষণাকেও সাধুবাদ জানান তিনি।

'অল পোস্ট গ্রাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনে'র সম্পাদক চন্দন গড়াই'ও, কম্পোজিট গ্রান্ট-এর অর্থ মিটিয়ে দেওয়ার উদ্যোগের প্রশংসা করেছেন।

*************************

'কন্যাশ্রী' প্রকল্পের নাম পরিবর্তন করে 'কন্যারত্ন' করা হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে বলেন, আগামী ১৪'ই আগষ্ট কন্যারত্ন দিবস, যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। পাশাপাশি 'সবুজ সাথী' প্রকল্পের নাম পরিবর্তন করে 'সারথি' দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে'ও তিনি জানান।

উল্লেখ্য, স্কুল পড়ুয়া মেয়েদের আর্থিক সহায়তা দিতে পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার কন্যাশ্রী প্রকল্পের সূচনা করে।

*************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ ময়দানে পূর্ত দপ্তরের টেন্ট-এ, গোর্খা জনমুক্তি মোর্চার সভাপতি বিমল গুরুং এবং সাধারণ সম্পাদক রোশন গিরির সঙ্গে বৈঠক করেন।

উপস্থিত ছিলেন পরিবহন ও শ্রম দপ্তরের মন্ত্রী অর্জুন সিং'ও। বৈঠক শেষে বিমল গুরুং সাংবাদিকদের জানান, চা বাগান, শিক্ষক নিয়োগ, পাহাড়ের পরিবহন ব্যবস্থা সহ একাধিক ইস্যুতে প্রায় দেড় ঘণ্টার এই বৈঠকে তাঁদের কথা হয়েছে। GTA দুর্নীতির পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়েছেন তাঁরা। গোর্খা জনমুক্তি মোর্চার প্রতিষ্ঠা দিবসে- ৭'ই অক্টোবর, দার্জিলিং যাবেন মুখ্যমন্ত্রী। GTA নির্বাচন নিয়ে শিলিগুড়িতে কয়েকদিনের মধ্যেই তাঁরা বৈঠকে বসবেন বলে বিমল গুরুং জানিয়েছেন। গোর্খাল্যান্ড নিয়ে ভারত সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমে সমাধান সূত্র খুঁজতে আগামী দিনে ত্রিপাক্ষিক বৈঠক হবে।

সূত্রের খবর, মুখ্যমন্ত্রীর নির্দেশে আগামী সোমবারই শ্রমমন্ত্রী অর্জুন সিং পাহাড়ে যাচ্ছেন।

*************************

রাজ্য সরকার 'সপ্তম বেতন কমিশনে'র চেয়ারম্যান বদল করেছে। নতুন চেয়ারম্যান হয়েছেন রাজ্যের প্রাক্তন অতিরিক্ত মুখ্যসচিব নবীন প্রকাশ। ২২ জুলাই সপ্তম পে কমিশন গঠনের সময় চেয়ারম্যান এর দায়িত্ব দেওয়া হয়েছিল কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের প্রাক্তন সচিব ও অবসরপ্রাপ্ত আইএএস অতনু চক্রবর্তীকে।

*************************

আজ গুরু পূর্ণিমা। শাস্ত্র অনুযায়ী আষাঢ় পূর্ণিমা তিথিতে আদিগুরু বেদব্যাসের আবির্ভাবকে স্মরণ করে দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই উপলক্ষ্যে আজ বেলুড়মঠে গিয়ে মূল মন্দিরে পুজো দেন।

*************************

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৩৬-তম প্রয়াণ দিবসে নানা অনুষ্ঠানে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে কলকাতার কলেজ স্কোয়ারে বিদ্যাসাগরের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। নবান্নেও, দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।
পশ্চিম মেদিনীপুরে বীরসিংহ গ্রামে বিদ্যাসাগরের জন্মভিটেয় তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে।

*************************

শাস্ত্রীয় সঙ্গীতশিল্পী ও শিক্ষক অমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায় প্রয়াত। বিষ্ণুপুর ঘরানার সংগীতশিল্পী ছিলেন তিনি। আজ দুপুর নাগাদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই শতায়ু শিল্পী।

*************************

মোহনবাগান দিবস উদযাপন উপলক্ষে দু'দিনের অনুষ্ঠান আজ শুরু হয়েছে। মোহনবাগান মাঠে ক্লাব পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। ক্রীড়ামন্ত্রী ডাক্তার ইন্দ্রনীল খাঁ, ক্লাবের সভাপতি দেবাশীষ দত্ত, প্রমুখ উপস্থিত ছিলেন। এই উপলক্ষে প্রাক্তন ফুটবলারদের নিয়ে একটি প্রীতি ফুটবল ম্যাচেরও আয়োজন করা হয়।

*************************

বৃষ্টির অনুকূল পরিবেশ এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় আগামী এক সপ্তাহে উত্তরবঙ্গের কিছু জেলায় বৃষ্টির পরিমাণ ধীরে ধীরে বাড়বে। এদিকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ অনেকটাই কমেছে।

*****************************************************************